দামুড়হুদা লোকনাথপুরে হাসুয়া দিয়ে স্ত্রী ও শ্বাশুড়িকে কোপালো জামাই

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের লোকনাথপুরে গ্রামে ধারালো হাসুয়া দিয়ে স্ত্রী ও শ্বাশুড়িকে কুপিয়ে আহত করেছে জামাই টিটু ড্রাইভার (৩০)। গতকাল বৃহস্পতিবার বিকাল ৪টার দিকে লোকনাথপুর গ্রামের মতিয়ার ড্রাইভার এর বাড়ির সামনে পাকা রাস্তার উপর এই ঘটনা ঘটে।

আহতরা হলেন স্ত্রী কবিতা খাতুন (২৫)। তিনি সুবল পুর গ্রামের আফসার আলীর মেয়ে। অপরজন হলেন শ্বাশুড়ি সালিমা খাতুন (৪০)। তিনি সুবলপুর গ্রামের মৃত ফকির মোহাম্মদ এর মেয়ে এবং আফসার আলীর স্ত্রী।

জানাগেছে শ্বশুর বাড়ির গরু বিক্রি করা টাকা নিয়ে বিরোধের সৃষ্টি করে তারই জের ধরে স্ত্রী ও শ্বাশুড়ী কে ধারালো হাসুয়া দিয়ে কুপিয়ে জখম করেছে উপজেলার লোকনাথপুর গ্রামের জামাই আকবর আলীর ছেলে টিটু ড্রাইভার। এ সময় স্থানীয়রা আহতদের উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, ঘটনাস্থলে পুলিশ গিয়েছিল। কোনো অভিযোগ পাইনি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

দর্শনা পৌর এলাকায় এল ই ডি লাইট স্থাপন কাজের উদ্বোধনী

প্রয়াত পৌর মেয়র মতিয়ার রহমানের স্বপ্ন পূরনে দর্শনা পৌর এলাকায় এল ই ডি লাইট স্হাপন কাজের উদ্বোধনী ও সংক্ষিপ্ত আলোচনা

সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় দর্শনা বাসস্ট্যান্ড চৌরাস্তা মোড়ে ২ নং ওয়ার্ড আওয়ামীলীগ সভাপতি জাহিদুল ইসলাম এর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনসুর বাবু। এসময় তিনি বলেন, প্রয়াত মেয়র মতিয়ার রহমানের স্বপ্ন ছিল দর্শনা

পৌরসভাকে একটি মডেল হিসেবে গড়ে তোলা। তার স্বপ্ন বাস্তবায়নের আগেই তার অকাল মৃত্যু হয়েছে। এ স্বপ্ন বাস্তবায়নে দর্শনা পৌর সভার উপ নির্বাচনে মেয়র মতিয়ারের সহদার আঃ লীগের সদ্য নৌকা প্রতিক প্রাপ্ত ও দর্শনা পৌর মেয়র পদপ্রার্থী উপজেলা আওয়ামীলীগের সহ সভাপতি আতিয়ার রহমান হাবুকে নির্বাচিত করে উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হবে। এবং আগামী ১৬ মার্চ নির্বাচনে জয়ী করে মতিয়ারের স্বপ্ন পুরন করবে বলে তিনি মনে করেন।

এ সময় উপস্হিত ছিলেন দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, দর্শনা পৌরসভার ভারপ্রাপ্ত মেয়র রবিউল হক সুমন, কাউন্সিলর মনির সর্দার, এনামুল কবির, আওয়ামীলীগ নেতা ইদ্রীস আলি, হায়দার আলি,দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আঃ হান্নান ছোট,হবা জোয়ার্দার, মামুন শাহ সহ স্হানীয় আওয়ামীলীগ, যুবলীগ, ছাত্রলীগ ও এলাকার সুধীজনেরা ।

দলীয় মনোয়নপত্র নিয়ে ফিরলেন দর্শনায়, ফুলের শুভেচ্ছায় সিক্ত আতিয়ার রহমান হাবু

ঢাকা থেকে দলীয় মনোয়নপত্র নৌকা প্রতীক নিয়ে ফিরলেন আতিয়ার রহমান হাবু।পথে পথে ফুলের শুভেচ্ছায় সিক্ত হলেন দলীয় নেতা কর্মীদের ভালবাসায় আতিয়ার রহমান হাবু।

গতকাল বৃহস্পতিবার ১২ টার দিকে দর্শনার আকন্দবাড়িয়া আবাসন

প্রকল্পের কাছে পৌছালে নেতা কর্মীরা আতিয়ার রহমান হাবুকে ফুলেল শুভেচ্ছায় বরন করে নেন। পরে মোটরসাইকেল যোগে দর্শনা রেল বাজার বঙ্গবন্ধু চত্তরে পৌছালে নেতা কর্মীদের স্লোগানে মুখরিত হয়ে উঠে বঙ্গবন্ধু চত্তর।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের গণ মানুষের নেতা সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আ’ লীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু, পৌর আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, আ’ লীগ নেতা বিল্লাল হোসেন, বীর মুক্তিযোদ্ধা এরশাদ মাষ্টার, হাজী ইদ্রিস আলী, দর্শনা পৌরসভার ভারপ্রাপ্ত মেয়র রবিউল কবির সমুন, আ’ লীগ নেতা সোলায়মান কবির, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, মামুন শাহ, কমিশনার এনামুল কবির, মকুল জোয়াদ্দার, মনির সর্দার, ছাত্রলীগের নেতা নাহিদ পারভেজ, অপু সরকার, এ সময় উপজেলা আ’ লীগের সহ সভাপতি দলীয় মনোনীত প্রার্থী আতিয়ার রহমান হাবু সবার কাছে দোয়া চান।

উল্লেখ্য গত বুধবার বিকাল ৪ টায় গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা এমপির সরকারী বাসভবন গণ ভবনে বাংলাদেশ আওয়ামী লীগের স্থানীয় সরকার জনপ্রতিনিধি মনোনয়ন বোর্ডের এক সভা অনুষ্ঠিত হয়।

এসভায় সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা (এমপি)। সভায় সম্মতিক্রমে দর্শনা পৌর উপ-নির্বাচনে মেয়র পদে আওয়ামী লীগের দলীয় প্রার্থী হিসাবে মনোনীত করেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আতিয়ার রহমান হাবুকে।

দামুড়হুদায় বিদ্যুৎ স্পর্শে নির্মাণ শ্রমিক পলাশ নিহত

দামুড়হুদায় বিদ্যুৎ স্পর্শে পলাশ (২০) নামের এক নির্মাণ শ্রমিকের মৃত্যু হয়েছে। ঝলসে গেছে তার বুকসহ দেহের বিভিন্ন অংশ। নিহত যুবক পলাশ দামুড়হুদা দশমীপাড়ার ইসলাম মন্ডলের ছেলে।

গতকাল বৃহস্পতিবার বিকেল সাড়ে ৪ টার দিকে দামুড়হুদা উপজেলা শহরের বনানীপাড়াস্থ শাহিনুর রহমানের নির্মাণাধীন দোতালা বিল্ডিংয়ে রড কেটে সিড়ি দিয়ে নামার সময় বিল্ডিংয়ের সামনে দিয়ে যাওয়া ১১ হাজার ভোল্টের বিদ্যুতের তারে তার হাতে থাকা রডটি ঠেকে যায় এবং বিদ্যুতায়িত হয়ে ঘটনাস্থলেই মৃত্যু হয় তার।

বিল্ডিংয়ে কর্মরত হেড মিস্ত্রি ইস্রাফিল হোসেন জানান, নিহত যুবক পলাশ আমার সহকারী হিসেবে কাজ করতো। সে একটি রড কেটে বিল্ডিংয়ের সিড়ি দিয়ে নামার সময় বিল্ডিংয়ের সামনে দিয়ে যাওয়া তারে রড ঠেকে যায়। সাথে সাথে একটা বিকট শব্দ হয়। আমরা কোনো কিছু বুঝে ওঠার আগেই পলাশ মারা যায়। বিদ্যুতায়িত হয়ে ঝলসে যায় তার দেহ।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন বিদ্যুৎস্পর্শে যে ব্যক্তি মারা গেছে তার পরিবারের পক্ষ থেকে কেউ কোনো অভিযোগ দায়ের করেন নি।

জীবননগরে ৩৩৯ বোতল ফেন্সিডিল, পিকআপসহ আটক-১

জীবননগরে ৫৮বিজিবি মাধক বিরোধী অভিযান চালিয়ে ৩৩৯বোতল ফেন্সিডিল,পিকআপসহ এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

বৃহস্পতিবার বিকাল ৫ টার সময় মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর অধিনস্ত উথলী বিওপির টহলদল গোপন সংবাদেও ভিত্তিতে উথলী বিওপির চেকপোষ্টের সামনে পাকা রাস্তার উপর একটি পিকআপ গাড়ি তল্লাশী করে ৩৩৯ বোতল ফেন্সিডিলসহ কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম থানার বাহের পাড়া গ্রামের আব্দুল কাদেরের ছেলে মোঃ আল আমিন হোসেনকে (২৮) আটক করে।

আটককৃত আসামী ফেন্সিডিল এবং পিকআপসহ জীবননগর থানায় মামলা দায়ের করে থানায় সোপর্দ করা হয়েছে।

জীবননগরে ভ্রাম্যমান আদালতে অভিযান ৪ প্রতিষ্ঠানে জরিমানা

জীবননগরে ভ্রাম্যমান আদালত পরিচালনা করে ৪ প্রতিষ্ঠানে জরিমানা প্রদান করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুর সাড়ে ১২টার সময় জীবননগর পৌর শহরের বিভিন্ন স্থানে খাবার হোটেল পরিস্কার পরিছন্ন না থাকা ও ফলের দোকানে খাবারের মুল্য ও মেয়াদ না থাকায় ৪টি প্রতিষ্ঠানে ২ হাজার ২ শত টাকা জরিমানা প্রদান করেন ভ্রাম্যমান আদালত।

জীবননগর থানা পুলিশের সহযোগিতায় ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন জীবননগর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র।

এ সময় তিনি সকল ব্যবসায়ীদের সতক করেন এবং বাসি পচা খাবার বিক্রি করতে নিষেধ করেন।

জীবননগর ২০ বোতল ফেন্সিডিলসহ আটক-২

জীবননগর থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ২০ বোতল ফেন্সিডিলসহ দুই মাদক ব্যবসায়ী আটক হয়েছে।

বৃহস্পতিবার বিকাল সাড়ে ৫টার সময় জীবননগর থানার অফিসার ইনচাজ (ওসি) মোঃ আব্দুল খালেকের নিদেশে জীবননগর থানার এস আই নাহিরুল ইসলাম, রায়হান উদ্দিনসহ সঙ্গীয় ফোস নিয়ে গোপন সংবাদের ভিক্তিত্বে জীবননগর শহরের মাইক্রোস্ট্যান্ডের সামনে মাদক বিরোধী অভিযান চালিয়ে ২০ বোতল ফেন্সিডিলসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেন।

আটককৃত আসামীরা হলেন কোটচাঁদ উপজেলার রেলস্টেশন পাড়ার ফজলুর রহমানের ছেলে শাওনুজ্জামান (৩০) এবং মোশারফ হোসেনের ছেলে ইমরান সিদ্দিককে(২৮) আটক করেন। এ ব্যাপারে জীবননগর থানায় একটি মাদকদ্রব্য আইনে মামলা হয়েছে।

দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলে শিক্ষার মানোন্নয়নে মতবিনিময় সভা

দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলে সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার রোধ, ধর্মীয় উগ্রাবাদ ও জঙ্গিবাদ মোকাবেলা নারী- শিশুর প্রতি সহিংসতা রোধ, শিক্ষার মানোন্নয়ন মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১১টার দিকে স্কুল প্রাঙ্গনে এই মতবিনিময় সভার আয়োজন করা হয়। মতবিনিময় সভায় প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খাঁন।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খাঁন বলেন, সন্ত্রাস জঙ্গিবাদ নিমূলে সকলকে সজাগ থাকতে হবে। দেশের উন্নয়নে বড় বাধাঁ অশিক্ষা, তাই সুশিক্ষিত হয়ে সকলে মিলে দেশের উন্নয়নে কাজ করতে হবে।

অনুষ্ঠানের শুরুর পবিত্র কোরআন তেলোয়াত করেন স্কুলটির ধর্মীয় শিক্ষক মো নাজমুল সাদাত। স্বাগত বক্তব্য রাখেন দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের প্রধান শিক্ষক নজরুল ইসলাম। দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাশ, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আব্দুল মতিন, দামুড়হুদা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী।

সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন দামুড়হুদা সরকারি পাইলট হাই

স্কুলের সহকারী শিক্ষক শফিকুল ইসলাম।

দামুড়হুদা লোকমোর্চার এ্যাডভোকেসি ও লবি সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার নতিপোতা ইউনিয়ন পরিষদে লোকমোর্চার উদ্যোগে এ্যাডভোকেসি ও লবি সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার দুপুর ১টার দিকে নতিপোতা ইউনিয়ন পরিষদে এই সভা অনুষ্ঠিত হয়।

ওয়েভ ফাউন্ডেশন এর সামাজিক সুরক্ষা কর্মসুচি প্রকল্প (এসপিপিএস) এর আওতায় নতিপোতা ইউনিয়ন লোকমোর্চার সদস্যগণ, নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী এর সাথে ইউনিয়ন পরিষদ প্রদত্ত বিভিন্ন ভাতা প্রদানের যাচাই-বাছাই কমিটিতে লোকমোর্চার প্রতিনিধি যুক্ত করণ ও ভাতার দাবী নিয়ে এডভোকেসি ও লবি সভা অনুষ্ঠিত হয়।

লোকমোর্চার সভাপতি হাজী রবিউল হাসানের সভাপতিত্বে সভার প্রধান অতিথি ছিলেন নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী। এসময় চেয়ারম্যান লোকমোর্চা প্রতিনিধিদের ভাতা প্রদান যাচাই-বাছাই কমিটিতে যুক্ত করার আশাবাদ ব্যক্ত করেন এবং ওয়ার্ড পর্যায়ে সঠিক তালিকা তৈরি করে ইউপি সদস্যদের কাছে প্রদানের জন্য আহ্বান জানান।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সমন্বয়কারী আনিসুর রহমান। নতিপোতা ইউনিয়ন লোকমোর্চার সহ-সভাপতি মোহাম্মদ আলী, যুগ্ন সাধারণ সম্পাদক তানজুল ইসলাম, সহ-সাংগঠনিক সম্পাদক মামুনুর রশিদ, প্রচার সম্পাদক মোস্তাফিজুর রহমান,ধর্ম বিষয়ক সম্পাদক মুজিবুর রহমান,পরিবেশ বিষয়ক সম্পাদক এরশাদ আলী,ক্রিড়া বিষয়ক সম্পাদক আবু জাফর,দপ্তর সম্পাদক মিজানুর রশিদ নতিপোতা ইউনিয়ন পরিষদের ইউনিয়ন সচিব সুজাল আলী, ইউপি সদস্য, মতিয়ার রহমান,আক্তার শেখ,মিজানুর রহমান,মফিজুর রহমান,শওকত

আলী, জাহাঙ্গীর আলম, হালিমা খাতুন,নাছরিন খাতুন উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটির সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন প্রোগ্রাম অফিসার ফরহাদ হোসেন।

দর্শনা পৌর উপ নির্বাচনে মেয়র পদে নৌকা প্রতীক পেলেন আতিয়ার রহমান হাবু

সকল জল্পনাকল্পনার অবসান ঘটিয়ে দর্শনা পৌর উপ নির্বাচনে দলীয় মনোনয়ন নৌকা প্রতীক পেলেন আতিয়ার রহমান হাবু।

গতকাল বুধবার বিকাল ৪ টায় গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা এমপির সরকারী বাসভবন গণ ভবনে বাংলাদেশ আওয়ামী লীগের স্থানীয় সরকার জনপ্রতিনিধি মনোনয়ন বোর্ডের এক সভা অনুষ্ঠিত হয়।

এসভায় সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা (এমপি)। সভায় সম্মতিক্রমে দর্শনা পৌর উপ-নির্বাচনে মেয়র পদে আওয়ামী লীগের দলীয় প্রার্থী হিসাবে মনোনীত করেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আতিয়ার রহমান হাবুকে।

এ দলীয় মনোয়নপত্র দেওয়ার সময় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আ.লীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু সহ আওয়ামী লীগের রাজনৈতিক নের্তৃবৃন্দ।

উল্লেখ্য, দর্শনা পৌরসভার মেয়র মতিয়ার রহমান মৃত্যু বরণ করায় মেয়র পদ শূন্য হয়ে পড়ে। এ শূন্য মেয়র পদের জন্য উপ-নির্বাচনের ঘোষণা দেন নির্বাচন অফিস। সে লক্ষে আগামী ১৬ মার্চ দর্শনা পৌর সভার মেয়র পদে উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে। এ উপ-নির্বাচনে মেয়র পদে

গত রবিবার বেলা সাড়ে ১১টার দিকে দামুড়হুদা উপজেলা নির্বাচন কমিশনারের কার্যালয় থেকে মনোনয়নপত্র উত্তোলন করেন দর্শনা ইসলাম পাড়ার প্রয়াত শামসুল ইসলামের ছেলে ও সদ্য প্রয়াত মেয়র মতিয়ার রহমানের সহদর আতিয়ার রহমান হাবু।